

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

গেজেট

বুধবার, ফেব্রুয়ারি ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ/১১ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩৭-আইন/২০১৯।—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন), অতঃপর উক্ত আইন বিলিয়া উন্নিষ্ঠিত, এর ধারা ১৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চল এবং উক্ত অঞ্চলে অবস্থিত বিনিয়োগকারী প্রতিষ্ঠানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ১০৩ এর অধীন ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত বিধানের প্রয়োগ হইতে নিম্নরূপ শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তবলি

- (ক) উক্ত অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত বিনিয়োগকারী প্রতিষ্ঠান বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষকে ট্রেড লাইসেন্সের জন্য প্রযোজ্য ফিস প্রদানপূর্বক উক্ত কর্তৃপক্ষের নিকট হইতে ট্রেড লাইসেন্স গ্রহণ করিবে; এবং
- (খ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ শর্ত (ক) এর অধীন আদায়কৃত ফিস সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অনুকূলে জমা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস. এম. গোলাম ফারুক  
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ১৭০৫ )

মূল্য : ঢাকা ৪০০